ভোরের কাগজ

তারিখ AUG. 1 9 1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

32

# নিউ হরাইজনস কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু

কাগজ প্রতিবেদক : আমেরিকার নিউ হরাইজনস কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের ঢাকা অফিস চালু হয়েছে। নিউ হরাইজনসের এশিয়া প্যাসিফিক অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট ডেনিস আং গতকাল বুধবার আনুষ্ঠানিকভাবে ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান ড. হাবিবুর রহমানের কাছে এ কেন্দ্রের চাবি হস্তান্তর করেন।

ধানমন্ডি ৪ নম্বর সড়কের মমতাজ প্লাজায় নিউ হরাইজনসের ঢাকা কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন নিউ হরাইজনসের মার্কিন প্রতিনিধি কার্ল ডব্লিউ হোয়েলেক, এশিয়া প্যাসিফিক অঞ্চলের রিজিওনাল ম্যানেজার গেরি কো, অস্ট্রেলিয়ার সিলভান চ্যানেলের ম্যানেজার অ্যান্থনী হ্যারিসন, ঢাকা কেন্দ্রের পরিচালক মোঃ আবু ইউসুফ, হাফিজুর রহমান আখন্দ, খালেকুজ্জামান চৌধুরী প্রমুখ।

নিউ হরাইজনস -এর কর্মকর্তারা জানান, তারা ঢাকার প্রশিক্ষণ কেন্দ্র থেকে দক্ষ আইটি (তথ্য প্রযুক্তি) পেশাজীবী তৈরি করার জন্য এ-প্লাস সার্টিফিকেশন প্রোগ্রাম চালু করবেন। বিভিন্ন হার্ডওয়্যার ও সফটওয়্যার সংক্রান্ত কাজে এই সনদ সহায়ক ভূমিকা পালন করবে বলে তারা উল্লেখ করেন।

আমেরিকার কম্পিউটার টেকনোলজি ইন্ডাস্ট্রি এসোসিয়েশন প্রণীত এই প্রোগ্রামটি আইবিএম, মাইক্রোসফট, তোশিবা ডিজিটালসহ নেতৃস্থানীয় কম্পিউটার প্রতিষ্ঠানগুলোর স্বীকৃতি লাভ করেছে বলে নিউ হরাইজনস-এর পক্ষ থেকে জানানো হয়েছে।